মেহেরপুরের গাংনীতে জাতীয় ডিজিটাল বাংলাদেশ দিবস পালিত

সরকারী ঘোষণা অনুযায়ী সারাদেশে ১২ ডিসেম্বর পঞ্চম জাতীয় ডিজিটাল বাংলাদেশ দিবস হিসেবে পালিত হচ্ছে। তথ্য ও যোগাযোগপ্রযুক্তি বিভাগ দিবসটি উপলক্ষে বিস্তারিত কর্মসূচি ঘোষণা করেছে। এরই ধারাবাহিকতায় বৃহস্পতিবার (১২ ডিসেম্বর) মেহেরপুরের গাংনী উপজেলা প্রশাসন বিভিন্ন কর্মসূচি পালন করেছে। দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে একটি র‍্যালী উপজেলা পরিষদ চত্বর থেকে বের হয়ে গাংনী হাসপাতাল বাজার ঘুরে পূর্বের স্থানে এসে শেষ হয়। র‍্যালীটির নেতৃত্ব দেন উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।

পরে উপজেলা পরিষদ সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভাপতিত্বে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা আইসিটি অফিসার আব্দুর রকিব। এবারের প্রতিপাদ্য বিষয় ডিজিটাল বাংলাদেশের অর্জন, উপকৃত হবে জনগণ। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার আব্দুল্লাহ আল মাছুম এর সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন গাংনী পৌরসভার একাধিক বারের নির্বাচিত মেয়র আহম্মেদ আলী, উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মনি মাস্টার, সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডাম, সন্ধানী স্কুল এন্ড কলেজের নবম শ্রেণীর ছাত্র মাশরাফি আল শামস।

এর আগে বেলা ১১টায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়।

এ সময় উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, শিক্ষার্থী, রাজনৈতিক ব্যক্তিবর্গ, উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাসহ ইলেকট্রিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় ডিজিটাল বাংলাদেশ দিবস উদযাপন

ডিজিটাল বাংলাদেশের অর্জন উপকৃত সকল জনগণ’ এই প্রতিপাদ্য নিয়ে চুয়াডাঙ্গায় নানা আয়োজনের মধ্যে দিয়ে পালিত হলো ডিজিটাল বাংলাদেশ দিবস ।

রোববার ডিজিটাল বাংলাদেশ দিবস উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় হতে একটি র্যালি বাহির হয় এরপর চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয় ও নানা আয়োজনে এ দিবস পালিত হয়।

ডিজিটাল বাংলাদেশ দিবসের আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার এ সময় তিনি বলেন, এখন নিজের বাহন না থাকলেও রাইড শেয়ারিং অ্যাপ ব্যবহার করে খুব সহজেই গন্তব্যে পৌঁছানো যায়। প্রতারণা ও হয়রানির শিকার না হয়ে ১০ কোটিরও বেশি নাগরিক মোবাইল ফিন্যান্সিয়াল ওয়ালেটের মাধ্যমে পরিবারের কাছে টাকা পাঠানোর পাশাপাশি আর্থিক লেনদেন করতে সক্ষম হচ্ছে। এর মধ্য দিয়ে দুর্নীতি, অপচয় এবং হয়রানি দূর করার পাশাপাশি গ্রাম-শহর, নারী-পুরুষ ও নবীন-প্রবীণের অধিকার নিশ্চিত করা সম্ভব হয়েছে

এই উপলক্ষে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রতিভা বিকাশে রচনা, চিত্রাংকন ও ডিজিটাল বাংলাদেশ বিষয়ক উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) আরাফাত রহমান, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সাজিয়া আফরিন চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক সহ বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আগত কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ।

শৈলকুপায় ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১ উদযাপিত

ঝিনাইদহের শৈলকুপায় ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১ পালিত হয়েছে। রবিবার সকাল ১১টায় আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করেন উপজেলা মিলনায়তনে শৈলকুপা উপজেলা প্রশাসন। এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান জাহিদননবী কালু এ ছাড়াও মুক্তিযোদ্ধা,উপজেলা প্রশাসনের কর্মকর্তা, সাংবাদিক,বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ও শিক্ষার্থীরা। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন উপজেলা নিবার্হী কর্মকর্তা কানিজ ফাতেমা লিজা। অনুষ্ঠান শেষে শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

মেহেরপুরে ৫ম ডিজিটাল বাংলাদেশ দিবস উপলক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ

পুস্পমাল্য অর্পণ, আলোচনা সভা ও পুরস্কার বিতরণের মধ্য দিয়ে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে ৫ম ডিজিটাল বাংলাদেশ দিবস পালন করা হয়েছে।

রবিবার দুপুরের দিকে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে ‘ডিজিটাল বাংলাদেশের অর্জন উপকৃত সকল জনগণ’ শীর্ষক আলোচনা সভায় বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট নাজমুল হুদা, মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা আসাদুজ্জামান রিপন, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট

নাহিদ হোসেন, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক প্রমুখ।

অলোচনা পরবর্তীতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ ও বিভিন্ন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হয়।

গাংনীতে ডিজিটাল বাংলাদেশ দিবসে আলোচনা সভা

মেহেরপুরের গাংনীতে ডিজিটাল বাংলাদেশ দিবস উপলক্ষে আলোচনাসভা করেছে গাংনী উপজেলা প্রশাসন। আজ রবিবার দুপুরে গাংনী উপজেলা সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন পৌর মেয়র আহম্মেদ আলী, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমীন ও শিক্ষক প্রতিনিধি মনিরুজামান মনি। বক্তারা ডিজিটাল বাংলাদেশের নানা মূখি সুযোগ সুবিধার কথা তুলে ধরেন। অনুষ্ঠানে বিভিন্ন সরকারী দপ্তরের কর্মকর্তা ও বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী বৃন্দ উপস্থিত ছিলেন।

মহেশপুরে পুলিশের হাতে ১কেজি গাঁজাসহ আটক ১

ঝিনাইদহের মহেশপুরে গতকাল শনিবার আনুমানিক ১১টার সময় পুলিশের মাদকদ্রব্য অভিযানে ১ কেজি গাঁজাসহ ১জনকে আটক করেছে মহেশপুর থানা পুলিশ।
থানা সূত্রে জানাযায়, গোপন তথ্যের ভিত্তিতে অতিরিক্ত পুলিশ

সুপার,কোটচাঁদপুর সার্কেল মোঃ মোহাইমিনুল ইসলাম এর দিকনির্দেশনায়, মহেশপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ সাইফুল ইসলামের নেতৃত্বে থানা পুলিশের একটি চৌকশ দল মাদকদ্রব্য উদ্ধারের লক্ষ্যে অভিযান পরিচালনা করে। এসময় পৌরসভা এলাকার বৈচিতলা গ্রামের পাকড়াতলা নামক স্থান থেকে ১ কেজি গাঁজাসহ এক জনকে আটক করে পুলিশ।
আটককৃত সাইফুল ইসলাম (৩২) উপজেলার ফতেপুর গ্রামের আসাদুল ইসলামের ছেলে। মাদকদ্রব্য নিয়োন্ত্রণ আইনে তার বিরুদ্ধে মহেশপুর থানায় নিয়মিত মামলা করা হয়েছে বলে ওসি জানান।

মেহেরপুরে শিক্ষার্থীদের করোনার টিকা দান শুরু

করোনাভাইরাস প্রতিরোধে শুরু হয়েছে স্কুল পড়ুয়া ১২-১৭ বছর বয়সী শিক্ষার্থীদের কোভিট টিকা দান কর্মসূচী। গতকাল শনিবার মেহেরপুর সরকারি কলেজের একাডেমী ভবনে কোভিট টিকা প্রদান কর্মসূচী শুরু হয়েছে।
জানা গেছে প্রথম দিন সদর উপজেলার ১২ টি বিদ্যালয়ের ২ হাজার ছাত্র ছাত্রীকে এ টিকা প্রদান করা হবে । এর মধ্যে প্রথম দিন ১ হাজার ৭শ শিক্ষার্থীকে করোনা ভাইরাস প্রতিরোধক প্রথম ডোজের টিকা দেওয়া হয়। তবে প্রথম দিনেই টিকা কেন্দ্রে ছিল শিক্ষার্থীদের উপচে পড়া ভীড়। টিকা নিতে কয়েক ঘন্টা দাঁড়িয়ে থাকতে দেখা গেছে শিক্ষার্থীদের। তবে স্বাস্থ্যবিধি উপেক্ষিত হয়েছে বলে অভিযোগ অনেক শিক্ষার্থীর। টিকা নিতে আসা শিক্ষার্থী শাকিল আহমেদ বলেন, সকালে এখানে এসেছি। এখানে ছেলে মেয়ে উভয়ের স্বাস্থ্যবিধি মানার ক্ষেত্রে কারও তেমন আগ্রহ নেই। লাইনে একে অপরের গা ঘেঁষে রয়েছে। অনেকের মুখে মাস্ক নেই।
কয়েকজন পুলিশ সদস্য ছাড়া কোন সেচ্ছাসেবক লক্ষ্য করা যায়নি। টিকা দিতে দোতালায় উঠার সময় ছেলে মেয়ে এক সাথে ঠাসা ঠাসি করে উঠতে হচ্ছে।
সরজমিনে গিয়ে দেখা মেহেরপুর সরকারি কলেজের ৩ টি বুথে ২ হাজার শিক্ষার্থীদের টিকা দান কর্মসূচী চলছে। তবে

মেহেরপুর সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ অলোক কুমার দাস বলেন, শিক্ষার্থীদের টিকা দেওয়ার ক্ষেত্রে ব্যাপক সাড়া পাওয়া গেছে। এখন থেকে প্রতিদিন গড়ে ২ হাজার শিক্ষার্থীকে টিকা দেয়া হবে জানান তিনি।

আবাইপুর ইউপিতে স্বতন্ত্র প্রার্থী হেলাল উদ্দিন বিশ্বাসের ওঠান বৈঠক

ঝিনাইদহের শৈলকূপা উপজেলার আবাইপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনে স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী হেলাল উদ্দিন বিশ্বাসের মোটরসাইকেল শোভাযাত্রা ও উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। গত শুক্রবার বিকালে মোটরসাইকেল শোভাযাত্রা শেষে সন্ধ্যায় নিজ বাসায় এ বৈঠক অনুষ্ঠিত হয়।
বৈঠকে বক্তব্য রাখেন স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী হেলাল উদ্দিন বিশ্বাসের ভাই কৃষক লীগ নেতা নজরুল ইসলাম দুলাল বিশ্বাস, নূর আলম বিশ্বাস, ইউনিয়ন আওয়ামী লীগের জ্যেষ্ঠ সহ সভাপতি ও জেলা পরিষদ সদস্য আমজেদ হোসেন মোল্লা, আওয়ামী লীগ নেতা রাসেল মেম্বর সহ ইউনিয়নের গ্রাম ও ওয়ার্ড পর্যায়ের নেতা-কর্মীবৃন্দ।
অনুষ্ঠানে বক্তারা বলেন, জননেত্রী শেখ হাসিনার প্রতিশ্রুতি অনুযায়ী সুষ্ঠু ও সুন্দর ভোট হবে। ইউনিয়নের মানুষ আমাদের সাথে আছে। ইনশাআল্লাহ আমরা বিপুল ভোটে জয় লাভ করবো।

আলমডাঙ্গায় মিথ্যা সংবাদ

প্রকাশে নিন্দা ও সঠিক সংবাদ প্রকাশের দাবিতে সংবাদ সম্মেলন

আলমডাঙ্গায় বিশিষ্ট চাল ব্যবসায়ী অশোক কুমার সাহার বিরুদ্ধে অসত্য সংবাদ প্রকাশে নিন্দা ও সঠিক সংবাদ প্রকাশের দাবিতে সংবাদ সম্মেলন করেছে। শনিবার সন্ধ্যায় আলমডাঙ্গায় উপস্থিত সাংবাদিকদের নিকট তিনি লিখিত বক্তব্য পাঠ করেন।

সংবাদ সম্মেলনে পঠিত বক্তব্যে বলেন, তিনি দীর্ঘ কয়েক যুগ ধরে সুনামের সাথে চাল সরবরাহ ও মজুদ ব্যবসা করে আসছেন। দীর্ঘ ব্যবসায়িক জীবনে আমার কিছু শত্রু-মিত্র আছে।

গত ৩০ নভেম্বরসহ বেশ কয়েক দিন ধরে সিরাজগঞ্জের বিশিষ্ট খাদ্য ঠিকাদার রাহাত উদ্দীনসহ কয়েক জন ব্যক্তির নিকট থেকে চাল ক্রয় করে আমার আলমডাঙ্গাস্থ গোডাউনে সংরক্ষণ করি (যার সকল ডক্যুমেন্ট আছে)।

পরবর্তিতে গত ১০ ডিসেম্বর দুপুরে ওই চাল ট্রাকে লোড দেওয়ার সময় কতিপয় যুবক সেখানে উপস্থিত হয়। তারা নিজেদের সাংবাদিক পরিচয় দিয়ে ছবি তোলেন ও ভিডিও করেন। পরে আর্থিক সুবিধা দাবি করে। ওই সুবিধা না দিলে পত্রিকায় সংবাদ প্রকাশসহ ভিডিও ফেসবুকে ছেড়ে দেওয়ার হুমকি দেয়। এমতাবস্থায়, আমি পরিচিত ব্যবসায়ীদের খবর দিই। অন্যান্য কয়েকজন ব্যবসায়ী ঘটনাস্থলে পৌঁছলে সাংবাদিক পরিচয় দেওয়া যুবকরা সটকে পড়ে।

এ ঘটনায় তারা বিভিন্নভাবে বিভ্রান্তি ছড়ানোর অপচেষ্টা করছে। নিয়মমাফিক আমার ব্যবসা প্রতিষ্ঠানের অনুকুলে খাদ্য গুদামের বরাদ্ধকৃত চাল ও বস্তা নিয়েও বিভ্রান্ত সৃষ্টির অপপ্রচার চালানো হচ্ছে। যা আমাদের দীর্ঘ বছরের ব্যবসায়িক সুনাম ক্ষুণ্ণ করছে। সে কারণে সংবাদ সম্মেলনের মাধ্যমে উক্ত ঘটনার তীব্র নিন্দা, প্রতিবাদ জানাচ্ছি। একই সাথে এ সংক্রান্ত সঠিক সংবাদ প্রকাশের দাবি জানাচ্ছি।

আলমডাঙ্গায় ৩ সন্তানের জননীর আত্মহত্যা

আলমডাঙ্গার শ্রীরামপুর গ্রামের পারিবারিক কলহের জেরধরে ৩ সন্তানের জননী গলায় উড়না পেছিয়ে আত্মহত্যা করেছে। শনিবার দুপুরে স্বামীর উপর অভিমান করে ৩ সন্তানের জননী আলোকা খাতুন নিজ ঘরের ফ্যানের সাথে উড়না দিয়ে আত্মহত্যার চেষ্টা করে। পরে তাকে উদ্ধার করে হাসপাতালে নেওয়ার পথে মৃত্যু হয়।

জানাগেছে, উপজেলার কালিদাসপুর ইউনিয়নের শ্রীরামপুর গ্রামের আলী হোসেনের স্ত্রী ৩ সন্তানের জননী আলোকা খাতুন (৩৫) পারিবারিক বিষয়াদি নিয়ে তাদের স্বামী স্ত্রীর মধ্যে মনোমালিন্য হয়।

এরই জেরধরে গতকাল শনিবার দুপুরে নিজ ঘরের সিলিং ফ্যানের সাথে উড়না উড়না পেছিয়ে আত্মহত্যার চেষ্টা করে। পরে আলোকা খাতুনের শাশুড়ি টের পেয়ে চিৎকার করলে প্রতিবেশিরা ছুটে এসে উদ্ধার করে তাকে হাসপাতালে নেওয়ার পরে তার মৃত্যু হয়।

পরে আলী হোসেনের ভাগ্নে লিপু আলমডাঙ্গা থানায় অপমৃত্যু দায়ের করেছে।